(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আইন-১ শাখা

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.১৫০

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

# প্রজ্ঞাপন

মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০১৬.২২.৬০ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে জানুয়ারি ২০০৯ হতে ০৫ আগস্ট ২০২৪ পর্যন্ত সময়কালে রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মামলাসমূহ প্রত্যাহারে সুপারিশ করার লক্ষ্যে জেলা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

(ক) (১) **জেলা পর্যায়ের কমিটি:**

| | | |
|---|---|---|
| (i) | জেলা ম্যাজিস্ট্রেট | - সভাপতি |
| (ii) | পুলিশ সুপার (মহানগর এলাকার জন্য পুলিশের একজন ডেপুটি কমিশনার) | - সদস্য |
| (iii) | পাবলিক প্রসিকিউটর (মহানগর এলাকার মামলাসমূহের জন্য মহানগর পাবলিক প্রসিকিউটর) | - সদস্য |
| (iv) | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | - সদস্য-সচিব |

(২) **জেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি ও কর্মপদ্ধতি:**

(i) রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য সংক্ষুব্ধ ব্যক্তিকে সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট-এর নিকট আবেদনপত্র দাখিল করতে হবে।

(ii) আবেদনের সাথে এজাহার ও প্রযোজ্য ক্ষেত্রে চার্জশীটের সার্টিফাইড কপি দাখিল করতে হবে।

(iii) আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট দরখাস্তটি জেলার পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) এর নিকট মতামতের জন্য প্রেরণ করবেন।

(iv) আবেদন প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) তাঁর মতামত জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করবেন।

(v) পাবলিক প্রসিকিউটর এর মতামত সংগ্রহপূর্বক জেলা ম্যাজিস্ট্রেট আবেদনটি ৭ কার্যদিবসের মধ্যে জেলা কমিটির সভায় উপস্থাপন করবেন।

(vi) জেলা কমিটির নিকট যদি প্রতীয়মান হয় যে, মামলাটি রাজনৈতিক বা অন্যকোন উদ্দেশ্যে হয়রানির জন্য দায়ের করা হয়েছে, তাহলে মামলাটি প্রত্যাহারের জন্য কমিটি সরকারের নিকট সুপারিশ করবে।

(vii) জেলা ম্যাজিস্ট্রেট উক্ত সুপারিশ, মামলার এজাহার, চার্জশীটসহ আবেদন প্রাপ্তির ৪৫ কার্যদিবসের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদিসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে (ছক সংযুক্ত)।

(খ) এই প্রজ্ঞাপন জারির প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ২২.০৯.২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.২৪৩নং পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৫/০৩/২৩

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৩৭১০

CS CamScanner

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব................. (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। কমিশনার........................................(সকল বিভাগ)।
৯। যুগ্মসচিব (পুলিশ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (আইন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। পুলিশ কমিশনার .................................(সকল)।
১২। উপ-মহাপুলিশ পরিদর্শক..........................(সকল রেঞ্জ)।
১৩। জেলা ম্যাজিস্ট্রেট..................................(সকল)।
১৪। পুলিশ সুপার.......................................(সকল)।
১৫। জেলা/মহানগর পাবলিক প্রসিকিউটর...........(সকল)।
১৬। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, ঢাকা।
১৭। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৮। তথ্য অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.১৫০

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫.০৩.২০২৬
মো: মফিজুল ইসলাম
সহকারী সচিব

CamScanner

**রাজনৈতিক হয়রানিমূলক হিসেবে বিবেচিত মামলা সংক্রান্ত তথ্য:**

| ক্রমিক | আবেদনকারীর নাম | জেলা/মেট্রো এলাকার নাম | থানার মামলা নম্বর, তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | এজাহার নামীয় চার্জশীটভুক্ত আসামীর সংখ্যা | মামলার বর্তমান অবস্থা ও বিচারাধীন আদালত এর নাম | প্রত্যাহারের জন্য সুপারিশকৃত মামলা/অভিযুক্ত ব্যক্তির নাম | রাজনৈতিক হয়রানিমূলক বিবেচনার যৌক্তিকতা | প্রত্যাহার বিষয়ে সরকারি আইনজীবীর মতামত | জেলা কমিটির সুপারিশ | দুদকের মামলা কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |